


# ব্যান্সডক

# বার্ষিক প্রতিবেদন ২০২৪-২৫

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক এন্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার
(ব্যান্সডক)

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

www.bansdoc.gov.bd

## এডিটোরিয়াল বোর্ড

১। চিফ এডিটর : কাজী আনোয়ার হোসেন, মহাপরিচালক, ব্যান্সডক, ঢাকা।

২। এডিটর : মো: মনিরুজ্জামান, পিএসও, ব্যান্সডক, ঢাকা।

: মোহাম্মদ আসলাম আলী খন্দকার, এসআরও, ব্যান্সডক, ঢাকা।

: মো: মোখলেছুর রহমান সরকার, প্রশাসনিক কর্মকর্তা, ব্যান্সডক, ঢাকা।

: পপি মন্ডল, ডকুমেন্টেশন অফিসার, ব্যান্সডক, ঢাকা।

: মিসরাত জাহান, সায়েন্টিফিক অফিসার, ব্যান্সডক, ঢাকা।

কম্পোজ অ্যান্ড ডিজাইন:

১। মো: সায়েম খান, ফটোগ্রাফিক অফিসার, ব্যান্সডক, ঢাকা।

২। মো: মোশারফ হোসেন, তত্ত্বাবধায়ক, ব্যান্সডক, ঢাকা।

৩। মো: আলাউদ্দিন, জুনিয়র টেকনিশিয়ান, ব্যান্সডক, ঢাকা।

৪। মো: নূরী ইয়াজদানী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ব্যান্সডক, ঢাকা।

কারিগরি টিম:

১। মো: সুজন মল্লিক, টেকনিশিয়ান, ব্যান্সডক, ঢাকা।

২। মো: জান্নাতুল ফেরদৌস, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, ব্যান্সডক, ঢাকা।

৩। শিমুল কুমার সরকার, ফটোগ্রাফিক সহকারী, ব্যান্সডক, ঢাকা।

সহায়তাকারী:

১। মো: মনির হোসেন, ক্যাশিয়ার, ব্যান্সডক, ঢাকা।

২। মো: শাহ আলম, পিএবিএক্স অপারেটর, ব্যান্সডক, ঢাকা।

৩। মোছা: আয়েশা আক্তার, অফিস সহায়ক, ব্যান্সডক, ঢাকা।



# মহাপরিচালকের বাণী

বিজ্ঞান ও প্রযুক্তির নব আবিষ্কার ও উদ্ভাবন প্রতিনিয়ত আমাদের জীবনকে সমৃদ্ধ ও সহজতর করছে। এক্ষেত্রে বিজ্ঞানী ও গবেষকদের অবদান অপরিসীম। ব্যান্সডক মূলত বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে তথ্যসেবা প্রদানকারী একটি জাতীয় প্রতিষ্ঠান। দেশের উন্নয়নের লক্ষ্যে বিজ্ঞানী, প্রযুক্তিবিদ, শিল্পোদ্যোক্তা, পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, ছাত্র-শিক্ষক ও সংশ্লিষ্টদের বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে তথ্যসেবা প্রদান ব্যান্সডকের মূল লক্ষ্য ও উদ্দেশ্য। এ অভীষ্ট লক্ষ্য অর্জনে ব্যান্সডক সর্বদা সচেষ্ট।

ব্যান্সডক বিজ্ঞানী ও গবেষকদের গবেষণা কাজে সহায়তা প্রদান করে থাকে। এ কাজ অধিকতর ফলপ্রসূ করার জন্য নতুন নতুন উদ্ভাবনী ধারণা নিয়ে সকল সহকর্মীকে নিরলসভাবে কাজ করার আহ্বান জানাই।

২০২৪-২০২৫ অর্থবছরে ব্যান্সডকের সার্বিক কর্মকাণ্ড নিয়ে একটি 'বার্ষিক প্রতিবেদন' প্রকাশ হচ্ছে। যারা এ কাজে অংশগ্রহণ করে এ উদ্যোগকে সাফল্যমণ্ডিত করেছে তাদের সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

১০ আশ্বিন ১৪৩২/২৫ সেপ্টেম্বর ২০২৫

(কাজী আনোয়ার হোসেন)

## ২০২৪-২৫ সালের পরিচালনা বোর্ড:


মোঃ আনোয়ার হোসেন
সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

জনাব বিদ্যুৎ চন্দ্র আইচ
যুগ্মসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ড. সামিনা আহমেদ
চেয়ারম্যান, বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ

ড. মোঃ রাশিদুল ইসলাম
চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান

ড. মো: মজিবুর রহমান
চেয়ারম্যান (চলতি দায়িত্ব), বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন

মিলিয়া শারমিন
যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

জনাব লুৎফুন নাহার
যুগ্মসচিব, বিধি-২, জনপ্রশাসন মন্ত্রনালয়

জি. এম. আতিকুর রহমান জামালী
যুগ্মসচিব (ড্রাফটিং), লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

অধ্যাপক ড. তানভীর মঞ্জুর
পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

অধ্যাপক ড. মো: সাইফুল ইসলাম
তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

অধ্যাপক ড. শফিকুল ইসলাম
পদার্থবিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবির
ভূগোল ও পরিবেশ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

অধ্যাপক ড. জাকির হোসেন
কৃষি অর্থনীতি বিভাগ, শেরে-ই-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

কাজী আনোয়ার হোসেন
মহাপরিচালক, ব্যান্সডক, ঢাকা
ও সদস্য সচিব

# বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)

## পটভূমি:

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে তথ্যসেবা প্রদানকারী একটি জাতীয় সংস্থা। বিজ্ঞানভিত্তিক গবেষণামূলক তথ্য সংগ্রহ, সংরক্ষণ, সম্পাদনা এবং বিতরণের লক্ষ্য নিয়ে ষাটের দশকে বিসিএসআইআর-এর অঙ্গ সংগঠনরূপে ব্যান্সডকের যাত্রা শুরু হয়। ২০১০ সালে আইন প্রণয়নের মাধ্যমে ব্যান্সডক বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন একটি স্বায়ত্বশাসিত সংস্থা হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। আধুনিক বাংলাদেশ বির্নিমাণে ওয়েবপেইজভিত্তিক তথ্যসেবা সংযোজন করে বিদ্যমান তথ্যসেবাসমূহকে আরও সমৃদ্ধশালী ও আধুনিকায়ন করার ক্ষেত্রে ব্যান্সডকের অবদান অপরিসীম।

## লক্ষ্য ও উদ্দেশ্য :

দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ, শিল্পোদ্যোক্তা, পরিকল্পনাবিদ, নীতি-নির্ধারক, ছাত্র-শিক্ষক ও সংশ্লিষ্ট সকল গবেষককে বিজ্ঞান ও প্রযুক্তিগত তথ্যসেবা প্রদান ব্যান্সডক-এর প্রধান লক্ষ্য।

**ভিশন :** বিজ্ঞানী ও গবেষকদের চাহিদানুযায়ী বৈজ্ঞানিক তথ্য দ্রুত সরবরাহ।

**মিশন:** বৈজ্ঞানিক তথ্যসমূহের অনলাইন ডাটাবেজ স্থাপন, ব্যান্সডকের কার্যক্রমকে ডিজিটালাইজড করা এবং গ্রাহকদের অনলাইন/অফলাইন সার্ভিস প্রদান।

## সংস্থার প্রধান কার্যাবলি:

(ক) প্রাকৃতিক বিজ্ঞান, কৃষিবিজ্ঞান, চিকিৎসা, প্রকৌশল, শিল্প, প্রযুক্তি, বৈজ্ঞানিক গবেষণা এবং নিরীক্ষামূলক উন্নয়নের সকল ক্ষেত্রে তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ, সংরক্ষণ, সম্পাদনা ও বিতরণ;

(খ) গবেষণা প্রতিষ্ঠান, অ্যাকাডেমিক প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত শিল্প অথবা অন্য কোন সেক্টরে কর্মরত গবেষকগণকে তাঁদের চাহিদা অনুযায়ী তথ্য সরবরাহ; এবং

(গ) গবেষক, নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও ব্যবস্থাপকদের জন্য তথ্য সংগ্রহ ও প্রাপ্তির ব্যবস্থা করা।

## সাংগঠনিক কাঠামো ও জনবল:

ব্যান্সডকের সাংগঠনিক কাঠামোতে অনুমোদিত জনবলের (পদ) সংখ্যা ৫৪ টি বিদ্যমান (২০২৪-২০২৫)।

| শ্রেণি | অনুমোদিত পদের সংখ্যা (রিটেনশনসহ) | বিদ্যমানপদের সংখ্যা | শূন্যপদের সংখ্যা |
|---|---|---|---|
| ১ম শ্রেণি | ১০ | ০৮ | ০২ |
| ২য় শ্রেণি | ৫ | ০৩ | ০২ |
| ৩য় শ্রেণি | ২৩ | ১২ | ১১ |
| ৪র্থ শ্রেণি | ১৬ | ০৪ | ১২ |
| | **৫৪টি** | **২৭টি** | **২৭টি** |

**ব্যান্সডকের বিভাগসমূহের ২০২৪-২০২৫ অর্থবছরে সম্পাদিত কার্যাবলি নিম্নরূপ:**

**ডকুমেন্ট ডেলিভারি সার্ভিস :**

বিজ্ঞানী ও গবেষকদের চাহিদার প্রেক্ষিতে ব্যান্সডকের নিজস্ব সোর্স, জাতীয় ও আন্তর্জাতিক কনসোর্টিয়াম World Health Organization (WHO)-এর HINARI, Food and Agricultural Organization (FAO)–এর AGORA ও Bangladesh INASP-PERII এবং National Library of Australia (NLA) ও NISCAIR, India হতে তথ্য সংগ্রহপূর্বক গবেষকদের মধ্যে বিতরণ করা হয়। ২০২৪-২০২৫ অর্থবছরে-

(১) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে ৮,৮৩৬ টি বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক তথ্য সংগ্রহ করা হয়েছে;

(২) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, গবেষণা প্রতিষ্ঠানে অধ্যয়নরত, কর্মরত বিজ্ঞানী ও গবেষকসহ মোট ১৭০ জনকে বিভিন্ন জার্নালের আর্টিকেলের ১,৭৩৫ পৃষ্ঠা ডকুমেন্ট সরবরাহ করা হয়েছে;

(৩) দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠান থেকে সংগৃহীত ১,১৬১ টি থিসিস-এর অ্যাবস্ট্রাক্ট এবং টাইটেল পেজ এন্ট্রি দিয়ে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।



ডকুমেন্টেশন সার্ভিস প্রদানের স্থিরচিত্র:

### বিবলিওগ্রাফি/লিটারেচার সার্চ সার্ভিস:

একজন গবেষক তার গবেষণার বিষয়বস্তুর ওপর কি-ওয়ার্ড ইনসার্টের মাধ্যমে মূল্যবান এবং গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করে প্রয়োজনীয় আর্টিক্যালের বিবলিওগ্রাফিক্যাল সোর্স/রেফারেন্স অতি অল্প সময়ে সংগ্রহ করতে পারেন। লিটারেচার সার্চ সার্ভিসটি সম্পাদনের লক্ষ্যে ব্যান্সডককে আমেরিকান থমসন রয়টার্স পাবলিকেশনের বায়োলজিক্যাল অ্যাবস্ট্রাক্ট-এর সংরক্ষিত সিডিতে ৩২ টি বিষয়ের গবেষণা তথ্য রয়েছে। ২০২৪-২০২৫ অর্থ বৎসরে-

(১) ব্যান্সডক ওয়েবসাইটের সংশ্লিষ্ট ডাটাবেইজে ৮০৫ টি এসএন্ডটি অ্যাবস্ট্রাক্টস এন্ট্রি দেয়া হয়েছে;

(২) ৩,৩২৪ গ্রাহককে ব্যান্সডক ওয়েবসাইটের মাধ্যমে সেবা প্রদান করা হয়েছে।



বিবলিওগ্রাফিক সার্ভিস প্রদানের স্থিরচিত্র



বিবলিওগ্রাফিক সার্ভিস প্রদানের স্থিরচিত্র

**গ্রন্থাগার সার্ভিস :**

একটি বিশেষায়িত বিজ্ঞান গ্রন্থাগার হিসাবে ব্যান্সডক গ্রন্থাগারে প্রায় ২২,১২১ টি শিরোনামের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বই সংরক্ষিত আছে। এ ছাড়া প্রায় ৪৬০টি শিরোনামের দেশি-বিদেশি জার্নালের প্রায় ৬,১৭০টি বাউন্ড ভলিউম এবং জার্নালের প্রায় ১৭,৩২৬ ইস্যু সংরক্ষিত আছে। গ্রন্থাগারটি সাপ্তাহিক ছুটি ও সরকারি ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত খোলা থাকে। অভিজ্ঞ শিক্ষাবিদ ও বিজ্ঞানীদের সুবিধার্থে বেশ কয়েকটি সুসজ্জিত স্টাডি ক্যারল রয়েছে। ব্যান্সডক গ্রন্থাগারটি দীর্ঘদিন যাবৎ দেশের বিজ্ঞানী ও গবেষকদের নিকট রেফারেন্স লাইব্রেরি হিসেবে অত্যন্ত জনপ্রিয়। ২০২৪-২০২৫ অর্থবছরে-

(১) ৭৫৬৮ বিজ্ঞানী, গবেষক, শিক্ষার্থীকে গ্রন্থাগার সেবাপ্রদান করা হয়েছে।
(২) ১৬৩ টি ন্যাশনাল ইউনিয়ন ক্যাটালগ-এর ডাটা ওয়েবসাইটে এন্ট্রি দেয়া হয়েছে।
(৩) ১০৪ টি বইয়ের বিবলিওগ্রাফিক্যাল তথ্য ওয়েবসাইটে এন্ট্রি করা হয়েছে।
(৪) ২৮ টি ই-বুক প্রস্তুত করে ওয়েবসাইটে উন্মুক্ত করা হয়েছে।
(৫) ১৯ টি টেক্সট/রেফারেন্স বই সংগ্রহ করা হয়েছে।
(৬) ২৩ টি দেশীয় জার্নাল সংগ্রহ করা হয়েছে।



গ্রন্থাগারে পাঠক সেবার স্থিরচিত্র



গ্রন্থাগারে পাঠক সেবার স্থিরচিত্র

**সাইবার সার্ভিস :**

ব্যান্সডক গ্রন্থাগারে একটি সাইবার কর্নার রয়েছে। সাইবার হতে ব্যবহারকারীগণ স্বল্পমূল্যে হাইস্পিড সম্বলিত ইন্টারনেট সেবা ও প্রয়োজনীয় ডকুমেন্টের প্রিন্ট নিতে পারেন।



সাইবার সেবা গ্রহণকারীদের স্থিরচিত্র



সাইবার সেবা গ্রহণকারীদের স্থিরচিত্র

**রিপ্রোগ্রাফিক সার্ভিস :**

গবেষকদের গবেষণাকর্ম, সায়েন্টিফিক ফটোগ্রাফি, ম্যাপ, নক্সা ও ডিজাইন সম্বলিত তথ্যের মাইক্রোফিল্ম ও মাইক্রোফিসিংয়ের মাধ্যমে দীর্ঘমেয়াদে সংরক্ষণের ব্যবস্থা এ সেবার অন্তর্ভুক্ত। এ ছাড়া গবেষণার বিষয়বস্তুর স্লাইড তৈরির ব্যবস্থাও রয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে-

(১) ৩৫৩ জন বিজ্ঞানী/গবেষকের পারসোনাল প্রোফাইল ডাইরেক্টরি অব সায়েন্টিস্টস অ্যান্ড টেকনোলজিস্ট শিরোনামে ডাটাবেইজে এন্ট্রি দেয়া হয়েছে;

(২) দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞান বিষয়ের ১৩১ টি গুরুত্বপূর্ণ ফিচার সংশ্লিষ্ট ডাটাবেইজে এন্ট্রি দেয়ার কাজ সম্পন্ন করা হয়েছে।



রিপ্রোগ্রাফিক সেবা প্রদানের স্থিরচিত্র



রিপ্রোগ্রাফিক সেবা প্রদানের স্থিরচিত্র

**ব্যান্সডক এর অনলাইন ডাটাবেইজ :**

ব্যান্সডকে গবেষণা কাজে সহায়ক তথ্যসমৃদ্ধ ডাটাবেইজ রয়েছে। ব্যান্সডক-এর কর্মকর্তা/কর্মচারী ও বিভিন্ন বিজ্ঞান ও গবেষণাধর্মী প্রতিষ্ঠানের ফোকাল পয়েন্টের মাধ্যমে বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ করা হয়। সংগৃহীত তথ্য ব্যান্সডকের ওয়েবসাইটে সংযুক্ত ডাটাবেইজে এন্ট্রির মাধ্যমে সকলের জন্য উন্মুক্ত করা হয়। যে কোন গবেষক বিশ্বের যে কোন স্থান থেকে এ সকল তথ্য বিনামূল্যে পড়তে ও ডাউনলোড করতে পারেন। ডাটাবেইজগুলো নিম্নরূপ:

1. Directory of Scientists and Technologists of Bangladesh Living Home & Abroad;
2. Current Research Projects of Bangladesh;
3. National Union Catalogue of S&T Periodicals in Bangladesh;
4. National S&T Abstracts of Bangladeshi Journals;
5. Book Search;
6. Thesis Search;
7. Innovations of Young Scientists & Science Club;
8. Scientific & Industrial Innovations;
9. S&T Paper Clipping;
10. BANSDOC e-Books.
11. Other E-Resources

**Digitization-এর অগ্রগতি :**

ব্যান্সডকের সেবাসমূহকে দ্রুত এবং স্বল্পসময়ে জনগণের দোরগোড়ায় পৌঁছাতে ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি ডিজিটালাইজড করার পদক্ষেপ নেয়া হয়েছে। এ প্রক্রিয়ার অংশ হিসেবে ১১টি ডাটাবেইজ তৈরি করে ওয়েবসাইটের মাধ্যমে সেবা প্রদান করা হচ্ছে। আগামীতে এ সেবাগুলোকে আরও উন্নত ও সময়োপযোগী করার উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। ডাটাবেইজের মাধ্যমে প্রদেয় সেবাসমূহের বর্ণনা নিম্নরূপ:

১। Directory of Scientists and Technologists of Bangladesh Living Home & Abroad-এ ডাটাবেইজটি তৈরি করে দেশে-বিদেশে কর্মরত বিজ্ঞানীদের মধ্যে একটি সেতুবন্ধন রচনা করা হয়েছে। একজন বিজ্ঞানী অতি অল্পসময়ে দেশের অন্যান্য বিজ্ঞানী সম্পর্কে ধারণা লাভ করতে পারবেন;

২। Current Research Projects of Bangladesh-এ ডাটাবেইজটির মাধ্যমে দেশে বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক কোন কোন প্রকল্প কোন কোন প্রতিষ্ঠান কর্তৃক বাস্তবায়িত হচ্ছে এবং একই বিষয়ে পুনরাবৃত্তি এড়ানোর লক্ষ্যে এ ডাটাবেইজটি তৈরি করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;

৩। **National Union Catalogue of S&T Periodicals in Bangladesh**-বাংলাদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানসমূহের গ্রন্থাগারে কী কী এবং কোন কোন সালের কোন কোন সংখ্যার জার্নাল রয়েছে তা গবেষকদের অনলাইনে তাৎক্ষণিক জানার জন্য এ ডাটাবেইজটি তৈরি করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;

৪। **National S&T Abstracts**-বাংলাদেশে প্রকাশিত ব্যান্সডক গ্রন্থাগারে রক্ষিত জার্নালসমূহের অ্যাবস্ট্রাক্টস এবং রেফারেন্স তথ্য দিয়ে এ ডাটাবেইজটি আপলোড করা হয়েছে যা একনজরে দেখে বোঝা যাবে যে, বাংলাদেশে প্রকাশিত ব্যান্সডক গ্রন্থগারে সংগৃহীত কোন জার্নালে কী আর্টিক্যাল রয়েছে;

৫। **Book Search** -ব্যান্সডক গ্রন্থাগারে প্রায় ২২,১২১ টি বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক বই রয়েছে। যে কেউ ব্যান্সডক গ্রন্থাগারে না এসেও ডাটাবেইজ সার্চ করে দেখতে পাবেন তাঁর প্রয়োজনীয় বইটি ব্যান্সডক গ্রন্থাগারে রয়েছে কিনা;

৬। **Thesis Search**-একজন গবেষক তার গবেষণা কর্ম শুরু করার পূর্বে তার গবেষণা অন্য কোন গবেষক পূর্বেই সম্পাদন করেছেন কিনা তা এ ডাটাবেইজ সার্চের মাধ্যমে জানতে পারবেন। এমনকি তার প্রয়োজনীয় গবেষণা কর্মটি কোন গ্রন্থাগারে রয়েছে সেটিও জানতে পারবেন;

৭। **Innovations of Young Scientists & Science Club** -দেশের বিভিন্ন বিজ্ঞান মেলায় যে সকল খুদে বিজ্ঞানীগণ অংশ নিয়ে তাদের প্রকল্প প্রদর্শন করে সে সকল প্রকল্পের তথ্য নিয়ে এ ডাটাবেইজটি তৈরি করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ফলশ্রুতিতে তাদের প্রকল্পগুলো হারিয়ে যাওয়ার সম্ভাবনা কমবে, একইসাথে তরুণ বিজ্ঞানীদের মধ্যে নতুন নতুন উদ্ভাবনের প্রতি আগ্রহ সৃষ্টি হবে;

৮। **Scientific & Industrial Innovations** -দেশের বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বিজ্ঞানীদের নতুন নতুন উদ্ভাবনের বিষয়সমূহকে ডাটাবেইজ আকারে ব্যান্সডক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে যা সকলের জন্য উন্মুক্ত;

৯। **S&T Paper Clipping** -দেশের খ্যাতনামা দৈনিক পত্রিকায় প্রকাশিত বিজ্ঞানের বিভিন্ন আবিষ্কার/উদ্ভাবনসমূহের ছবি ও বর্ণনা নিয়ে এ ডাটাবেইজটি তৈরি করা হয়েছে;

১০। **BANSDOC e-Books**-কপি রাইট অ্যাক্ট বহির্ভূত যে সকল বিজ্ঞান বিষয়ক বই ও জার্নাল ব্যান্সডক গ্রন্থাগারে রয়েছে সেগুলোকে ই-বুক আকারে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ফলশ্রুতিতে বিজ্ঞানী, গবেষক, ছাত্র-শিক্ষক সকলে তাঁদের প্রয়োজনে অনলাইনে বইগুলো পড়তে পারেন।

১১। **Pensioner apps** - ব্যান্সডকের পেনশনারগণ তাদের মাসিক পেনশনভাতা, চিকিৎসা ভাতা ও অন্যান্য পেনশন বিল দাখিল, গ্রহণসহ পেনশন বিষয়ক যাবতীয় তথ্য জানতে পারেন।

**সেমিনার/কর্মশালা/অবহিতকরণ সভা :**

ব্যান্সডকের সেবা/কার্যক্রমসমূহ বহুল প্রচারের লক্ষ্যে দেশের বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ এবং গবেষণাধর্মী প্রতিষ্ঠানে ১৪ টি সেমিনার/কর্মশালা/অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।




১১/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত বিসিএসআইআর, জয়পুরহাট এ অবহিতকরণ সভার স্থিরচিত্র




১১/০৯/২০২৪ তারিখে অনুষ্ঠিত বিসিএসআইআর, জয়পুরহাট এ অবহিতকরণ সভার স্থিরচিত্র




২৮/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



২৮/০৮/২০২৪ তারিখে অনুষ্ঠিত চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



২৪/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



২৪/০৪/২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় চক্ষুবিজ্ঞান ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা এ অবহিতকরণ সভার স্থিরচিত্র




১৪/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার এ অবহিতকরণ সভার স্থিরচিত্র




১৪/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



১৪/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত মাইক্রোবায়োলজি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



১৪/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত মাইক্রোবায়োলজি বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



১৫/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



১৫/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট গাজীপুর এ অবহিতকরণ সভার স্থিরচিত্র




২২/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত পুরকৌশল বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ব: গাজীপুর এ অবহিতকরণ সভার স্থিরচিত্র




২২/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত পুরকৌশল বিভাগ, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ব:, গাজীপুর এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



১৫/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এ অবহিতকরণ সভার স্থিরচিত্র



১৫/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর এ অবহিতকরণ সভার স্থিরচিত্র

## ইন্টার্নশিপ প্রশিক্ষণ:

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষা সমাপনান্তে সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ সৃষ্টির লক্ষ্যে মানব সম্পদ উন্নয়ন এবং পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন তথ্য ব্যবস্থাপকদের সমন্বয়ে দক্ষ জনশক্তি তৈরি করার নিমিত্ত ঢাকা বিশ্ববিদ্যালয়, রাজশাহী বিশ্ববিদ্যালয়, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ইস্টওয়েস্ট ইউনিভার্সিটি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ড. এম. মিজানুর রহমান প্রফেশনাল কলেজের তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে ২০২৪-২৫ অর্থবছরে ০৭ টি ব্যাচে ইন্টার্নশিপ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।




ইন্টার্নশিপ কোর্সের স্থিরচিত্র




ইন্টার্নশিপ কোর্সের সনদপত্র প্রদানের স্থিরচিত্র

**ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ :**

তথ্য ব্যবস্থাপনায় ডিজিটাল পদ্ধতি প্রয়োগের অংশ হিসেবে দেশের বিভিন্ন গবেষণামূলক প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়সমূহের গ্রন্থাগারিক ও গ্রন্থাগার সংশ্লিষ্ট কর্মকর্তাদের অংশগ্রহণে ০৫টি ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে।



**ই-বুক প্রশিক্ষণ ৩৯তম ব্যাচের স্থিরচিত্র**



**ই-বুক প্রশিক্ষণ ৩৯তম ব্যাচের স্থিরচিত্র**



ই-বুক প্রশিক্ষণ ৪২তম ব্যাচের স্থিরচিত্র



ই-বুক প্রশিক্ষণ ৪২তম ব্যাচের স্থিরচিত্র



ই-বুক প্রশিক্ষণ ৪৩তম ব্যাচের স্থিরচিত্র




ই-বুক প্রশিক্ষণ ৪৩তম ব্যাচের সনদপত্র প্রদানের স্থিরচিত্র

## একনজরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২৪-২০২৫:

২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ -এর কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের বার্ষিক প্রতিবেদন।

| ক্রমিক | কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রম | কর্মসম্পাদনসূচক | একক | লক্ষ্যমাত্রা ২০২৪-২০২৫ | প্রকৃত অর্জন |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | [১] বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক গবেষণায় সহায়তা বৃদ্ধিকরণ | ১.১ ই-বুক প্রস্তুত ও আপলোড বিষয়ে প্রশিক্ষণ | ১.১.১ প্রশিক্ষিত প্রশিক্ষণার্থীর সংখ্যা | জন | ১১৬ জন | ১২০ জন |
| | | ১.২ তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনায় ইন্টার্নশিপ প্রশিক্ষণ | ১.২.১ প্রশিক্ষিত প্রশিক্ষণার্থীর সংখ্যা | জন | ১২৬ জন | ১২৭ জন |
| | | ১.৩ আধুনিক ফটোগ্রাফি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | ১.৩.১ প্রশিক্ষিত প্রশিক্ষণার্থীর সংখ্যা | জন | ৬০ জন | ১০ |
| | | ১.৪ শূন্যপদ পূরণ | ১.৪.১ নিয়োগ সম্পাদন | তারিখ | ৩০/০৬/২৫ | - |
| ২. | [২] বিজ্ঞান ও প্রযুক্তি জনপ্রিয়করণ | ২.১ বিজ্ঞান বিষয়ক সেমিনার ও কর্মশালা আয়োজন | ২.১.১ আয়োজিত সেমিনার ও কর্মশালা | সংখ্যা/টি | ১৬ টি | ১৪ টি |
| | | ২.২ সরকারি কর্মচারীদের সক্ষমতার উন্নয়নে সমসাময়িক বিষয়ে লার্নিং সেশন আয়োজন | ২.২.১ আয়োজিত লার্নিং সেশন | সংখ্যা/টি | ০৪ টি | ০৪ টি |
| | | ২.৩ বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় অংশগ্রহণ | ২.৩.১ মেলায় অংশগ্রহণ | সংখ্যা/দিন | ০৪ টি/দিন | ০৬ দিন |
| | | ২.৪ ডিজিটাল লাইব্রেরি সার্ভিস প্রদানে ই-বুক প্রস্তুতকরণ | ২.৪.১ ই-বুক প্রস্তুতকরণ | সংখ্যা | ৩০ টি | ৩০ টি |
| | | ২.৫ বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন | ২.৫.১ ছাত্র-ছাত্রীদেরকে বিজ্ঞান শিক্ষায় আগ্রহী করে তোলা | সংখ্যা/টি | ০২ টি | ০২ টি |
| ৩. | [৩] আর্থ-সামাজিক উন্নয়নে পরিবেশ বান্ধব ও টেকসই প্রযুক্তি উদ্ভাবন | ৩.১ বিজ্ঞান বিষয়ক তথ্য সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ | ৩.১.১ সংগৃহীত/সংরক্ষিত তথ্য | সংখ্যা/টি | ৭,২১০ টি | ৮৮৩৬ পৃষ্ঠা/টি |
| | | | ৩.১.২ বিতরণকৃত তথ্য | পৃষ্ঠা/সংখ্যা | ৮,২১০ পৃষ্ঠা | ৯১২০ পৃষ্ঠা |
| | | | ৩.১.৩ সেবাগ্রহীতা/সুবিধাভোগী | সংখ্যা/জন | ১৭,৫০৫ জন | ১১৩৪০৯ জন |
| | | | ৩.১.৪ গবেষণামূলক প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক তথ্য সংগ্রহ প্রক্রিয়া পর্যবেক্ষণ | সংখ্যা | ২ টি | - |
| | | | ৩.১.৫ পেনাফ্লেক্স ব্যানারের পরিবর্তে পরিবেশবান্ধব ব্যানার ব্যবহার | সংখ্যা | ১২ টি | ১৪ |

## ব্যান্সডক পরিচালনা বোর্ডের সভা:

২০২৪-২০২৫ অর্থবছরে ব্যান্সডক পরিচালনা বোর্ডের ২টি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের অধিকাংশই বাস্তবায়িত হয়েছে।

## ইনোভেশন টিমের কার্যক্রম :

ইনোভেশন টিমের উদ্যোগে প্রতিমাসে ২টি করে ই-বুক প্রস্তুতকরে ৩০ টি ই-বুক ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়াও ইনোভেশন কার্যক্রমের আওতায় প্রতি সপ্তাহে একবার ওয়েবসাইট হালনাগাদ করা হয়েছে।

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন :

ব্যান্সডকের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা, শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ/কর্মশালা এবং অংশীজনের অংশগ্রহণে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পাদন করা হয়েছে।



জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ

## মানবসম্পদ উন্নয়ন :

কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রত্যেককে ৬০ জনঘন্টা বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।



বিষয়ভিত্তিক অভ্যন্তরীণ প্রশিক্ষণ

ব্যান্সডক ওয়েবসাইট: www.bansdoc.gov.bd ভিজিট করে বিশ্বের যেকোন প্রান্ত থেকে ওয়েববেইজ তথ্যসেবা গ্রহণের সুযোগ রয়েছে।

## ২০০৯-২০২৫ জুন পর্যন্ত ব্যান্সডকের উল্লেখযোগ্য অর্জন:

- তথ্য ব্যবস্থাপনা বিষয়ক ইন্টার্নশিপ: ৬৫টি ব্যাচ;
- আধুনিক তথ্য ব্যবস্থাপনায় ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ: ৪২টি ব্যাচ;
- গবেষণা কার্যক্রমে প্রদত্ত তথ্যসেবা ও ই-সার্ভিস অবহিতকরণ সভা: ১৬৮ টি;
- বিজ্ঞানী ও গবেষকদের চাহিদানুযায়ী বৈজ্ঞানিক তথ্য সংগ্রহ: ১,৮৮,০১১ পৃষ্ঠা;
- বিজ্ঞানী ও গবেষকদের চাহিদানুযায়ী বৈজ্ঞানিক তথ্য বিতরণ: ৩,০২,২১৮ পৃষ্ঠা;
- বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণামূলক তথ্য গ্রহণকারী/সুবিধাভোগী: ৩,৩৩,৭৬০ জন;
- ব্যান্সডক ওয়েবসাইটে ১১ টি ডাটাবেইজ স্থাপন;
- অনলাইনভিত্তিক তথ্যসেবা কার্যক্রম শুরু;
- বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) আইন ২০১০ প্রণয়ন;
- বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক)-এর কর্মচারী চাকুরি প্রবিধানমালা-২০১৭ প্রণয়ন;
- জাতীয় সেমিনার ও কর্মশালা আয়োজন: ০৬টি;
- গ্রন্থাগারের পাঠকদের চাহিদানুযায়ী বই সংগ্রহ: ১,৯৯৪ টি;
- গ্রন্থাগারের পাঠকদের চাহিদানুযায়ী ৯৯০টি (issues) জার্নাল সংগ্রহ;
- ব্যান্সডক কর্তৃক থিসিস, জার্নাল ও আর্টিক্যাল সংগ্রহ নীতিমালা ২০২১ প্রণয়ন;
- ই-বুক প্রস্তুতকরণ প্রশিক্ষণ নীতিমালা ২০২১ প্রণয়ন।
- ‘ব্যান্সডক আর্থিক প্রণোদনা নীতিমালা, ২০২২’ প্রণয়ন।
- এক্স-রে ব্যাগ স্ক্যানার স্থাপন।

**ব্যান্সডকের ভবিষ্যৎ সার্ভিসসমূহ অটোমেশন ও আধুনিকায়নের কর্মপরিকল্পনা:**

- ২০২৭ এর মধ্যে ব্যান্সডকের রিপ্রোগ্রাফিক বিভাগকে আধুনিক যন্ত্রপাতির দ্বারা সমৃদ্ধ করে নতুন আঙ্গিকে সাজানো এবং এ সেবাকে আরও তরান্বিত করা।
- ২০২৭ সালের মধ্যে ব্যান্সডকে আধুনিক সুযোগ-সুবিধা (সরঞ্জাম) সমন্বিত হলরুম প্রতিষ্ঠা করা;
- ২০২৯ সালের মধ্যে ব্যান্সডকের ভৌত অবকাঠামো সম্প্রসারণ;
- ২০৩০ সালের মধ্যে ব্যান্সডককে বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে আন্তর্জাতিক মানের তথ্য প্রযুক্তিনির্ভর প্রতিষ্ঠান হিসেবে প্রতিষ্ঠিত করা;
- ২০৩৫ মধ্যে দেশের সকল গ্রন্থাগারের সঙ্গে ব্যান্সডকের সংযোগ স্থাপন ও আন্তর্জাতিক তথ্য আদান প্রদানের কেন্দ্র হিসেবে একটি শক্তিশালী কনসোর্টিয়াম স্থাপন;

**চ্যালেঞ্জ ও সম্ভাবনা:**

বাংলাদেশ ন্যাশনাল সায়েন্টিফিক অ্যান্ড টেকনিক্যাল ডকুমেন্টেশন সেন্টার (ব্যান্সডক) বিজ্ঞান প্রযুক্তিভিত্তিক গবেষণামূলক তথ্য সংগ্রহ ও বিতরণে জাতীয় দায়িত্ব পালনসহ বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে আধুনিক তথ্য ব্যবস্থাপনায় উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। প্রতিষ্ঠানটির বিভিন্ন সাফল্যের পাশাপাশি কিছু চ্যালেঞ্জ ও সম্ভাবনা রয়েছে। প্রশিক্ষিত জনবল বৃদ্ধি, যানবাহনের সংকট নিরসন ও গ্রন্থাগারকে পূর্ণাঙ্গভাবে অটোমেশন ও আধুনিকায়নের আওতায় আনা হলে ব্যান্সডককে আধুনিক ডকুমেন্টেশন সেন্টার হিসেবে গড়ে তোলা সম্ভব হবে।

ক) জাতীয় ও রাষ্ট্রীয় দিবস উদযাপন:

সংস্থায় ২১ ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে জাতীয় জীবনে মহান মুক্তিযুদ্ধ ও বিজয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।




২১ ফেব্রুয়ারি জাতীয় শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে পুষ্পস্তবক অর্পণ




২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে ব্যান্সডক ভবনে আলোকসজ্জার স্থিরচিত্র



২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবসে ব্যান্সডক ভবনে আলোকসজ্জার স্থিরচিত্র



১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসে ব্যান্সডক ভবনে আলোকসজ্জার স্থিরচিত্র



১৬ ডিসেম্বর মহান বিজয় দিবসে ব্যান্সডক ভবনে আলোকসজ্জার স্থিরচিত্র

## দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচি:

ব্যান্সডকের ২০২৪-২৫ অর্থবছরে সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রশাসনিক, আর্থিক ও নৈতিক মূল্যবোধ বিষয়ে ৬০ ঘন্টা ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। ইনহাউজ প্রশিক্ষণের প্রতিপাদ্য নিম্নরূপ:

- ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
- শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
- তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
- অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
- সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন;
- ডি-নথি ব্যবস্থাপনা;
- দুর্নীতি দমন: জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপট;
- সরকারি দায়িত্ব পালনে দুর্নীতিমুক্ত থাকার উপায়;
- সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা;
- বার্ষিক গোপনীয় অনুবেদন প্রস্তুত ও প্রতিস্বাক্ষর;
- ব্যান্সডক আইন ২০১০ ও ব্যান্সডক কর্মচারী প্রবিধানমালা ২০১৭।

প্রচারণা কার্যক্রম:

ব্যান্সডক বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এবং জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর আয়োজিত মেলায় অংশগ্রহণসহ প্রতিবছর দেশের সরকারি-বেসরকারি বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ এবং গবেষণা প্রতিষ্ঠানে অবহিতকরণ সভার মাধ্যমে প্রচার কার্যক্রম অব্যাহত রেখেছে।

মেলায় অংশগ্রহণের চিত্র:




বিজ্ঞান মেলায় অংশগ্রহণের স্থিরচিত্র






বিজ্ঞান মেলায় অংশগ্রহণের স্থিরচিত্র



বিজ্ঞান মেলায় অংশগ্রহণের স্থিরচিত্র

নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:

নাম: মো: মনিরুজ্জামান
পদবি: প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার
ঠিকানা: ব্যান্সডক, ই-১৪/ওয়াই, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন (অফিস) : ৮৮-০২-৫৫০০৬৯১৩
মোবাইল : ০১৭১৫৩৮২০৬৫
ফ্যাক্স : ৮৮-০২-৫৫০০৬৯১৭
ইমেইল : mzaman1975@gmail.com

বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা:

নাম: মো: মোখলেছুর রহমান সরকার
পদবি: প্রশাসনিক কর্মকর্তা
ঠিকানা: ব্যান্সডক, ই-১৪/ওয়াই, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন (অফিস) : ৮৮-০২-৫৫০০৬৯৬৭
মোবাইল : ০১৯৬০৮৫২৮৫০
ফ্যাক্স : ৮৮-০২-৫৫০০৬৯১৭
ইমেইল : shaheensarker48@gmail.com